

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং : ৩৩.০১.৪৮৯২.০০০.০০.০০০.২৩. ৩৬৪

তারিখ : ২৭/০৯/২০২৩খ্রিঃ।

গণ বিজ্ঞপ্তি

পিপিআর রোগের টিকা দিন

ছাগল ও ভেড়া সুস্থ রাখুন


প্রিয় এলাকাবাসী, আসসালামু আলাইকুম

আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ রোজ শনিবার থেকে ০৯ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখ রোজ সোমবার পর্যন্ত পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুররোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় সারা দেশব্যাপি একযোগে পিপিআর রোগের গণটিকা প্রদান কার্যক্রম পরিচালিত হবে। সারা দেশব্যাপি পিপিআর রোগের গণটিকা প্রদান কার্যক্রম এর অংশ হিসেবে তাড়াইল উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এর আয়োজনে তাড়াইলের প্রতিটি ইউনিয়নে একযোগে এই গণটিকা কার্যক্রম অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ৮টা থেকে শুরু হয়ে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত টিকাদান কর্মসূচি পরিচালিত হবে।

টিকা প্রদানের তারিখ

- ৩০ সেপ্টেম্বর, রোজ শনিবার প্রত্যেক ইউনিয়নের ১ নং ওয়ার্ড।
- ০১ অক্টোবর, রোজ রবিবার প্রত্যেক ইউনিয়নের ২ নং ওয়ার্ড।
- ০২ অক্টোবর, রোজ সোমবার প্রত্যেক ইউনিয়নের ৩ নং ওয়ার্ড।
- ০৩ অক্টোবর, রোজ মঙ্গলবার প্রত্যেক ইউনিয়নের ৪ নং ওয়ার্ড।
- ০৪ অক্টোবর, রোজ বুধবার প্রত্যেক ইউনিয়নের ৫ নং ওয়ার্ড।
- ০৫ অক্টোবর, রোজ বৃহস্পতিবার প্রত্যেক ইউনিয়নের ৬ নং ওয়ার্ড।
- ০৬ অক্টোবর, রোজ শুক্রবার প্রত্যেক ইউনিয়নের ৭ নং ওয়ার্ড।
- ০৭ অক্টোবর, রোজ শনিবার প্রত্যেক ইউনিয়নের ৮ নং ওয়ার্ড।
- ০৮ অক্টোবর, রোজ রবিবার প্রত্যেক ইউনিয়নের ৯ নং ওয়ার্ড।
- ০৯ অক্টোবর, রোজ সোমবার অফিস প্রাঙ্গন।

প্রতিদিন সকাল ৮টা থেকে শুরু হয়ে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত টিকাদান কর্মসূচি শুরু হবে এবং ওয়ার্ডের সকল ছাগল, ভেড়াকে টিকা প্রদান নিশ্চিত না হওয়া পর্যন্ত চলমান থাকবে। আপনার ছাগল, ভেড়াকে আপনার বাড়ির পার্শ্ববর্তী টিকাদান কেন্দ্রে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।


(ডা.নূরজাহান বেগম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তাড়াইল, কিশোরগঞ্জ।